**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 10/14/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# স্টেটব্যাপী নিয়োগ ও ধরে রাখার প্রচেষ্টা উন্নত করার জন্য নার্স পদের বেতন বৃদ্ধি করা সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

***এই বেতন বৃদ্ধি 15টি স্টেট সংস্থাজুড়ে 6,500 এরও বেশি স্টেট কর্মচারীকে উপকৃত করবে***

***এটি গভর্নরের স্বাস্থ্যসেবা খাতের কর্মীদল সম্প্রসারণের জন্য সামগ্রিক অঙ্গীকারাবদ্ধতার অংশ***

গভর্নর ক্যাথি হোকল আজ স্টেটের স্বাস্থ্যসেবা খাতের কর্মীদলের মধ্যে নিয়োগ ও ধরে রাখার অবস্থা উন্নত করতে সাহায্য করার জন্য নিউ ইয়র্ক স্টেটের সংস্থাগুলোতে নার্স প্র্যাক্টিশনারদের ধারাবাহিক বেতন বৃদ্ধির কথা ঘোষণা করেছেন। এই বৃদ্ধি, যা নার্সিং এর কাজের ক্রমবর্ধমান জটিলতা এবং নার্সদের জন্য উচ্চ ক্রেডেনশিয়াল থাকার আবশ্যিকতার সাথে সঙ্গতিপূর্ণ, বেতনের পার্থক্য বিবেচনায় ডে শিফটে কর্মরত রেজিস্টার্ড নার্সদের শুরুর বেতন আপস্টেটে প্রায় 90,000 ডলার এবং ডাউনস্টেটের প্রায় 108,000 ডলারে উন্নীত করবে। এই বেতন বৃদ্ধি 15টি স্টেট সংস্থাজুড়ে নিউ ইয়র্ক স্টেটের প্রায় 6,500 কর্মচারীকে উপকৃত করবে।

"দুই বছরেরও বেশি সময় ধরে কোভিড-19-এর বিরুদ্ধে লড়াইয়ের সামনের সারিতে অবস্থান করার পরে, নিউ ইয়র্কের নার্সরা আমাদের কৃতজ্ঞতার চেয়েও বেশি কিছু পাওয়ার অধিকারী - তারা ন্যায্য ও প্রতিযোগিতামূলক বেতন পাওয়ার অধিকারী," **বলেছেন গভর্নর হোকল।** "এসব বেতন বৃদ্ধি আমাদের স্বাস্থ্যসেবা কর্মীদের সহায়তা করার জন্য আমাদের স্টেটের অঙ্গীকারাবদ্ধতাকে প্রতিফলিত করে এবং নিউ ইয়র্কবাসীদেরকে নিরাপদ রাখার জন্য পরবর্তী প্রজন্মের নার্সদের নিয়োগ দেওয়া ও ধরে রাখার ক্ষেত্রে আমাদেরকে সাহায্য করবে।"

নিউ ইয়র্ক স্টেট নির্বাচিত কিছু নার্সিং পদবী আপগ্রেড করেছে, যেখানে এসব আপগ্রেড প্রত্যেক পদমর্যাদার জন্য গড়ে 4.5 শতাংশ বেতন বৃদ্ধির প্রতিনিধিত্ব করে। এছাড়াও রেজিস্টার্ড নার্স পদমর্যাদাগুলো এখন বেতনের পরিসরের মধ্যবর্তী অবস্থান থেকে নিয়োগ লাভ করবে। সেইসাথে, রেজিস্টার্ড নার্স পদমর্যাদাগুলো একটি আপডেটেড শিফট পে লাভ করবে যেখানে সান্ধ্যকালীন শিফটের (বিকাল 4:00টা থেকে রাত 12:00টা) জন্য মূল বেতনের 7 শতাংশ বৃদ্ধি এবং রাত্রীকালীন শিফটের (রাত 12:00টা থেকে সকাল 8:00টা) জন্য মূল বেতনের 10 শতাংশ বৃদ্ধি অন্তর্ভুক্ত করা হয়েছে।

এসব বেতন বৃদ্ধি এবছর এর আগে রেজিস্টার্ড নার্স এবং লাইসেন্সপ্রাপ্ত প্র্যাক্টিক্যাল নার্সদের জন্য কার্যকর করা ভৌগোলিক অবস্থান অনুযায়ী বেতনের পার্থক্যের সঙ্গে অতিরিক্ত হিসেবে যোগ হচ্ছে। জুলাই মাসে, মিড-হাডসন এবং ডাউনস্টেট লোকেশনগুলোতে অবস্থিত রেজিস্টার্ড নার্স পদগুলোর জন্য ভৌগোলিক অবস্থানের কারণে 35,000 ডলার বেতনের পার্থক্য প্রদান করা হয়েছে, যা পূর্বের 18,000 ডলারের পার্থক্যের চেয়ে 94 শতাংশ বেশি। এছাড়াও স্টেটের বাকি অংশে অবস্থিত রেজিস্টার্ড নার্স পদগুলোর জন্য ভৌগোলিক অবস্থানের কারণে 20,000 ডলার বেতনের পার্থক্য প্রদান করা হয়েছে, যা পূর্বের 12,000 ডলার বেতনের পার্থক্যের চেয়ে 67 শতাংশ বেশি। মে মাসে, মিড-হাডসন এবং ডাউনস্টেট লোকেশনগুলোতে অবস্থিত লাইসেন্সপ্রাপ্ত প্র্যাকটিক্যাল নার্স পদগুলোর জন্য ভৌগোলিক অবস্থানের কারণে 13,000 ডলার বেতনের পার্থক্য প্রদান করা হয়েছে, যা পূর্বের 2,000 ডলার পার্থক্যের চেয়ে 550 শতাংশ বেশি এবং স্টেটের বাকি অংশে অবস্থিত পদগুলোর জন্য ভৌগোলিক অবস্থানের কারণে 4,000 ডলার বেতনের পার্থক্য প্রদান করা হয়েছে, যা পূর্বের 2,000 ডলার পার্থক্যের চেয়ে 100 শতাংশ বেশি।

এই বেতন বৃদ্ধি নিম্নলিখিত সংস্থাগুলোতে সবচেয়ে বেশি প্রভাব ফেলবে বলে প্রত্যাশা করা হচ্ছে, যেগুলোতে বর্তমানে সবচেয়ে বেশি সংখ্যক উপযুক্ত পদ রয়েছে:

- স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (State University of New York) - 3,381 জন কর্মচারী
- অফিস অব মেন্টাল হেলথ (Office of Mental Health) - 1,663 জন কর্মচারী
- বিকাশ সংক্রান্ত অক্ষমতায় আক্রান্ত ব্যক্তিদের জন্য অফিস (Office for People With Developmental Disabilities) - 674 জন কর্মচারী
- ডিপার্টমেন্ট অব কারেকশন্স এন্ড কমিউনিটি সুপারভিশন (Department of Corrections and Community Supervision) - 518 জন কর্মচারী
- স্বাস্থ্য বিভাগ (Department of Health) - 371 জন কর্মচারী
- অফিস অব অ্যাডিকশন সার্ভিসেস এন্ড সাপোর্টস (Office of Addiction Services and Supports) - 120 জন কর্মচারী

**নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অব সিভিল সার্ভিসের (Department of Civil Service) কমিশনার টিমোথি হগস বলেন,** "নিউ ইয়র্ক স্টেট হাজার হাজার নার্সকে নিয়োগদান করেছে, যারা নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্য ও সুস্থতা রক্ষার জন্য আমাদের স্টেট সংস্থাগুলো জুড়ে অত্যন্ত গুরুত্বপূর্ণ পরিষেবা প্রদান করছেন। আমাদের নার্সদের জন্য তাদের প্রাপ্য এসব বেতন বৃদ্ধি প্রদান করার মাধ্যমে, আমাদের অংশীদার সংস্থাগুলো এসব মেধাবী ও নিবেদিত কর্মচারীদের ধরে রাখার জন্য আরো ভালো অবস্থানে থাকবে। গভর্নর হোকলের নেতৃত্বের অধীনে, ডিপার্টমেন্ট অব সিভিল সার্ভিস আমাদের বর্তমান সরকারি কর্মীদলকে সেরা সহায়তা প্রদান করতে ও ধরে রাখতে এবং আমাদের দেওয়া বেতন যাতে পাবলিক সার্ভিস ক্যারিয়ারে পরবর্তী প্রজন্মের মেধাবীদের আকৃষ্ট করার মতো প্রতিযোগিতামূলক হয় সে বিষয়টি নিশ্চিত করতে পরিবর্তনগুলো বাস্তবায়ন করছে।"

**পাবলিক এমপ্লয়ি ফেডারেশন (Public Employees Federation)-এর প্রেসিডেন্ট ওয়েইন স্পেন্স বলেন,** "PEF কয়েক বছর ধরে বেতনের সমতা এবং আমাদের ইউনিয়নে পদমর্যাদার কাঠামো পুনর্গঠনের পক্ষে সমর্থন জানিয়ে আসছে। আমরা আনন্দিত যে গভর্নর হোকল এবং ডিপার্টমেন্ট অব সিভিল সার্ভিস বেতনের গ্রেড বৃদ্ধি করার এবং এসব নিবেদিত জনগণের সেবককে পুরস্কৃত করার জন্য পদক্ষেপ গ্রহণ করেছে। আমরা সবাই জনস্বাস্থ্য পরিষেবার গুরুত্বের বিষয়টি দেখতে পেয়েছি এমন এক সময়ে যখন নিউ ইয়র্ককে নার্সদের আকৃষ্ট করা ও ধরে রাখার জন্য অবশ্যই সাধ্যমতো প্রচেষ্টা চালিয়ে যেতে হবে।"

এসব বেতন বৃদ্ধি স্বাস্থ্যসেবা খাতের কর্মীদল পুনরুদ্ধার করার এবং ভবিষ্যতের স্বাস্থ্যসেবা ব্যবস্থা গড়ে তোলার জন্য গভর্নর হোকলের ঐতিহাসিক অঙ্গীকারাবদ্ধতা ও বিনিয়োগের অংশ। 2023 সালের প্রণীত বাজেটের অংশ হিসেবে, গভর্নর হোকল স্বাস্থ্যসেবা খাতে 10 বিলিয়ন ডলারেরও বেশি বিনিয়োগ করছেন, যার মধ্যে স্বাস্থ্যসেবা কর্মীদের বেতন ও বোনাস প্রদানে সহায়তা করার জন্য 4 বিলিয়ন ডলারেরও বেশি বরাদ্দ রয়েছে। এর মধ্যে স্বাস্থ্যসেবা ও মানসিক স্বাস্থ্যবিধি কর্মীদের ধরে রাখার জন্য বোনাস হিসেবে 1.2 বিলিয়ন ডলার বিনিয়োগ অন্তর্ভুক্ত রয়েছে, যেখানে এক বছর কর্মরত রয়েছেন এমন ফুল-টাইম কর্মীদের জন্য 3,000 ডলার পর্যন্ত বোনাস, এবং অপেক্ষাকৃত কম ঘণ্টা কাজ করা কর্মীদের জন্য প্রো-রেটেড বোনাস প্রদান করা হবে।

নিউ ইয়র্ক স্টেট এমন একটি পরিবেশ তৈরি করেছে যেখানে নার্সদের জন পেশাগত সমৃদ্ধি ও ক্যারিয়ার গঠনের সুযোগকে উৎসাহিত ও সহায়তা করা হয় এবং স্টেটজুড়ে অবস্থিত সংস্থাগুলোতে হাজার হাজার নার্স প্র্যাক্টিশনার, রেজিস্টার্ড নার্স, এবং লাইসেন্সপ্রাপ্ত প্র্যাক্টিক্যাল নার্সকে নিয়োগ দেয়া হয়ে থাকে।

স্টেট সরকারে নিয়োগপ্রাপ্ত নার্সরা যা পাচ্ছেন:

- সমন্বিত বেনিফিট প্যাকেজ, যার মধ্যে অবসরগ্রহণের বেনিফিট অন্তর্ভুক্ত রয়েছে
- ক্যারিয়ারে গতিশীলতার জন্য বিস্তৃত পরিসরের অপশন
- শিক্ষা, পেশাগত উন্নয়ন, ও প্রশিক্ষণের সুযোগের একটি বিস্তৃত পরিসর থেকে বেছে নেওয়ার সুযোগ
- টিউশনের ব্যয় পরিশোধ ও টিউশন সহায়তা

পাবলিক সার্ভিস নার্সিং ক্যারিয়ার সম্পর্কে আরো তথ্যের জন্য, স্টেট সরকারে নার্সিং ক্যারিয়ার-এ ভিজিট করুন।

নিউ ইয়র্ক স্টেটের জন্য কাজ করা এবং পাবলিক সার্ভিসে একটি ফলপ্রসূ ক্যারিয়ার গঠনের ক্ষেত্রে পরবর্তী পদক্ষেপ কিভাবে গ্রহণ করা যায় সে সম্পর্কে আরো জানতে, অনুগ্রহ করে ডিপার্টমেন্ট অব সিভিল সার্ভিসের ওয়েবসাইট ভিজিট করুন এবং ডিপার্টমেন্ট অব সিভিল সার্ভিসকে অনুসরণ করুন ফেসবুকে (Facebook), টুইটারে (Twitter), ও লিংকডইনে (LinkedIn)।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418